

তারিখ ... ২৭ MAY ২০০৩ ...
 পৃষ্ঠা ... ১৫ কলাম ... ৬ ...



গতকাল বাংলাদেশ শিক্ষক সমিতির নবম জাতীয় সম্মেলনের উদ্বোধন করেন অধ্যাপক জিবুর রহমান সিদ্দিকী

শিক্ষক সমিতির সম্মেলন অভিন্ন শিক্ষানীতি প্রণয়নের দাবি

যুগান্তর রিপোর্ট

বাংলাদেশ শিক্ষক সমিতির নবম জাতীয় সম্মেলনে গতকাল শিক্ষকে রাজনীতির উর্ধ্ব রাণার আহ্বান জানিয়ে বলেছেন শিক্ষকরা অস্বস্তি পেলেও সংসদে জরুরি। তারা নানারকম সুবিধা ও সমিতির পিছরে। তারা অধিবেশে সব অনিয়ম অধিচার বহু।

দাবি : শিক্ষানীতি (শেষ পৃষ্ঠার পর)

শিক্ষা জাতীয়করণ এবং শিক্ষা ব্যবস্থায় বিদ্যমান বৈষম্য দূর করার জন্য অভিন্ন শিক্ষানীতি প্রণয়নের দাবি জানিয়েছেন। গতকাল ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে অনুষ্ঠিত দিনব্যাপী সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে তারা একথা বলেন। গাছাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক জিবুর রহমান সিদ্দিকী এতে প্রধান অতিথি ছিলেন। তিনি জাতীয় পতাকা উত্তোলন এবং কবুতর উড়িয়ে সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। সমিতির পতাকা উত্তোলন করেন সংগঠনের সভাপতি অধ্যাপক মোঃ কামরুজ্জামান। সভায় বিশেষ অতিথি হিসেবে আবুল হোসেন এমপি, সমিতির সহ-সভাপতি হেনা দাস, সাধারণ সম্পাদক চৌধুরী বুরশীদ আলম ও অধ্যাপক এম এউয়াল সিদ্দিকী বক্তৃতা করেন। অধ্যাপক জিবুর রহমান সিদ্দিকী শিক্ষাকে রাজনীতির উর্ধ্ব রাখে আহ্বান জানিয়ে বলেন, শিক্ষকদের পেশাগত অভিন্ন দাবি আদায়ে তাদের ঐক্যবদ্ধ থাকতে হবে। তিনি রাজনীতি ও দলীয়করণের উর্ধ্ব থেকে শিক্ষানীতি প্রণয়নের দাবি জানান। সংসদ সদস্য আবুল হোসেন বলেন, শিক্ষকরা নানা হুমকির পিছরে হচ্ছেন। আন্দোলনের মাধ্যমে অধিকার প্রতিষ্ঠা করে সুদিন ফিরিয়ে আনতে হবে। সমিতির সভাপতি মোঃ কামরুজ্জামান শিক্ষাকে জাতীয়করণের দাবি জানিয়ে বলেন, এ দাবি আদায় না হওয়া পর্যন্ত শিক্ষক আন্দোলন অব্যাহত থাকবে। সম্মেলনে বাংলাদেশ শিক্ষক কর্মচারী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী অধ্যাপক এম শরীফুল ইসলাম, বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের সেক্রেটারি জেনারেল অধ্যাপক জুজী ফারুক আহমেদ, বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ড. ম আবতালকামান ও সাধারণ সম্পাদক অধ্যাপক এমএ বারী, মাধ্যমিক শিক্ষক সমিতির মহাসচিব শামসুল হকসহ বিভিন্ন শিক্ষক সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।